# AKASHVANI(AIR)
# RNU:KOLKATA
# BengaliText Bulletin

**Date 09-01-2026** **Time: 1.30 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) দিল্লির রাউস অ্যাভিনিউ আদালত আর জে ডি সভাপতি লালুপ্রসাদ যাদব ও তার পরিবারের সদস্যদের বিরুদ্ধে দুর্নীতি প্রতিরোধ আইনে চার্জ গঠন করেছে।

২) কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী আজ ভার্চুয়ালি জাতীয় আইইডি ডেটা ম্যানেজমেন্ট সিস্টেম NIDMS -র সূচনা করেছেন।

৩) রেলমন্ত্রী আজ নতুন দিল্লিতে ৭০-তম অতি বিশিষ্ট রেল সেবা পুরষ্কার প্রদান করবেন।

৪) কলকাতায় আই প্যাকের কর্ণধারের অফিস ও বাড়িতে অভিযান এবং তদন্তে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর বাধা দেওয়ার অভিযোগের মধ্যেই ইডি কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে। এদিকেপশ্চিমবঙ্গ সরকারও EDর বিরুদ্ধে electronics complex থানা এবং সেক্সপিয়ার সরনী থানায় FIR দায়ের করেছে।

৫) মালয়েশিয়া ওপেন ব্যাডমিন্টনে মহিলাদের সিঙ্গল্‌স–এ ভারতের পিভি সিন্ধু সেমিফাইনালে উঠেছেন।

OOOOOOOOOOOOOOOOOOOOOOO

দিল্লির রাউস অ্যাভিনিউ আদালত রাষ্ট্রীয় জনতা দল RJD সভাপতি লালু প্রসাদ যাদব এবং তার পরিবারের সদস্যদের বিরুদ্ধে আজ ১৯৮৮ সালের দুর্নীতি প্রতিরোধ আইনের ধারায় চার্জ গঠন করা করেছে। কেন্দ্রীয় তদন্ত সংস্থা CBI এর তদন্তে লালু প্রসাদ যাদব ছাড়াও তার স্ত্রী রাবড়ি দেবী, ছেলে তেজস্বী যাদব এবং তেজপ্রতাপ যাদব, মেয়ে মিসা ভারতী এবং হেমা যাদব এবং আরও বেশ কয়েকজন অভিযুক্তের নাম উঠে এসেছে।

সিবিআই এর চার্জশিটে দেখা গেছে লালু প্রসাদ যাদবের ঘনিষ্ঠ সহযোগীরা দেশের বিভিন্ন স্থানে রেলওয়েতে চাকরির বিনিময়ে জমি অধিগ্রহণে সহায়তা করেছিলেন। লালুর পরিবারের সদস্যদের এবং তাদের সাথে যুক্ত একটি কোম্পানির নামে জমি অধিগ্রহণ করে বিনিময়ে বিভিন্ন অঞ্চলে রেলওয়েতে চাকরি প্রদান করা হয়েছিল বলে অভিযোগ রয়েছে। উল্লেখ্য পাটনায় জমি হস্তান্তরের সাথে যুক্ত অর্থ পাচারের অভিযোগের তদন্ত করছে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট।

oooooooooooooooooooooooooo

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ ভার্চুয়ালি জাতীয় আইইডি ডেটা ম্যানেজমেন্ট সিস্টেম বা NIDMS -র সূচনা করেছেন। শ্রী শাহ বলেন, এই ব্যবস্থা সারা দেশে এটিএস ইউনিট, পুলিশ এবং কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী -কে অনলাইনে প্রয়োজনীয় তথ্য পেতে সহায়তা করবে। এটি দ্বিমুখী প্ল্যাটফর্ম হিসেবে কাজ করবে। ভবিষ্যতে NIDMS দেশজুড়ে আইইডি ব্যবহার করে জংগী হামলার ঘটনাগুলির তদন্তের সময় নানা তথ্য পেতে সাহায্য করবে।

(S/B: AMIT SHAH)

শ্রী শাহ জানান, স্বরাষ্ট্র মন্ত্রক গত কয়েক বছরে জংগী হামলা প্রতিহত করতে নানা ধরণের তথ্য সংগ্রহ করেছে। এই সমস্ত তথ্যের উৎসগুলিকে যুক্ত করা এবং সেগুলিকে বিশ্লেষণের জন্য একটি উন্নত, কৃত্রিম বুদ্ধিমত্তা AI ভিত্তিক সফ্টওয়্যার তৈরি

করার উদ্যোগ নেওয়া হয়েছে। NIDMS এই প্রক্রিয়াটিকে ত্বরান্বিত করবে এবং দেশকে সন্ত্রাসবাদ থেকে মুক্ত করার জন্য এটি এক গুরুত্বপূর্ণ মাইলফলক হয়ে উঠবে

oooooooooooooooooooooo

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ সন্ধ্যায় দেশের নানা স্থানে মাদকাশক্ত হওয়ার সমস্যার মোকাবিলা করার জন্য জাতীয়স্তরে যৌথ উদ্যোগের পর্যালোচনা সংক্রান্ত Narco Coordination Centre (এনসিওআরডি)এর নবম বৈঠকের পৌরোহিত্য করবেন। বৈঠকে, স্বরাষ্ট্র মন্ত্রক এবং রাজ্য সরকারগুলির পাশাপাশি মাদক পাচার রোধ করতে যে সংস্থাগুলি কাজ করে, তার প্রতিনিধিরা অংশগ্রহণ করবেন। মাদক পাচার চক্র ভেঙে ফেলার জন্য সরকারের সামগ্রিক উদ্যোগ, ডার্ক নেটের চ্যালেঞ্জ, সর্বাঙ্গীণ তদন্ত প্রক্রিয়ার পরযালোচনা এবং অতীতে নানা ধরণের আইনী অপব্যবহার ঠেকানো নিয়ে মতবিনিময় করা হবে।

oooooooooooooooooooooo

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ লখনউ এর সরোজিনী নগরে অশোক লেল্যান্ডের বৈদ্যুতিক যানবাহন কারখানার উদ্বোধন করেছেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত আছেন কেন্দ্রীয় মন্ত্রী নীতিন গড়করি ও এইচ ডি কুমারস্বামী। গত সেপ্টেম্বর মাসে উত্তর প্রদেশ সরকার অশোক লেল্যান্ড কোম্পানির সঙ্গে একটি সমঝোতাপত্র স্বাক্ষর করে। তারপর মাত্র ১৪ মাসের মধ্যে ১৫০০ কোটি টাকা ব্যয়ে এই বিশ্ব মানের উৎপাদন কেন্দ্রটি তৈরি হয়েছে। ভারতের বৈদ্যুতিক যানবাহন তৈরির মানচিত্রে লখনউ এর এই কেন্দ্র প্রথম সারিতে থাকবে।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রবাসী ভারতীয় দিবস উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী মোদী বলেছেন, প্রবাসী ভারতীয়রা ভারত ও বিশ্বের মধ্যে একটি শক্তিশালী সেতুবন্ধ গড়ে তুলেছেন। ভারতীয়রা যে দেশেই

গেছেন, সেখানকার সমাজকে যেমন সমৃদ্ধ করেছেন, পাশাপাশি তাদের শিকড়কেও ভুলে যান নি। প্রবাসী ভারতীয়রা হলেন প্রকৃত রাষ্ট্রদূত, তারাই পৃথিবী জুড়ে ভারতীয় সংস্কৃতিকে জনপ্রিয় করে তুলেছেন। শ্রী মোদী জানান, সরকার প্রবাসীদের দেশের আরও কাছাকাছি নিয়ে আসার জন্য বহু পদক্ষেপ নিয়েছে।

oooooooooooooooooooooo

রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ আজ নতুন দিল্লীতে একশো জন রেল আধিকারিক কে ৭০ তম অতি বিশিষ্ট রেল সেবা পুরস্কার প্রদান করবেন। ভারতীয় রেলে আসামান্য অবদান ও আদর্শ পরিষেবার স্বীকৃতিতেই এই পুরস্কার প্রদান অনুষ্ঠান। পাশাপাশি এই অনুষ্ঠানে সেরা কৃতিত্বের জন্য রেল অঞ্চলগুলোকে ২৬ টি শিল্ড প্রদান করা হবে। মহাকুম্ভ চলাকালীন রেল পরিচালনার ক্ষেত্রে সুষ্ঠু নিরাপত্তা ব্যবস্থা বজায় রেখেছে যে সমস্ত অঞ্চলগুলো তাদেরকেই পুরস্কারে ভূষিত করা হবে। অনুষ্ঠানে শ্রী বৈষ্ণ ছাড়া উপস্থিত থাকবেন রেল প্রতিমন্ত্রী ভি সোমান্না ও রভনিত সিং। অপারেশন সিন্দুরের সময় নিরবিচ্ছিন্ন রেল পরিষেবার জন্য আধিকারিকদের সম্মানিত করা হবে। ভারতীয় রেলে সর্বোচ্চ সম্মান এই রেল সেবা পুরস্কার।

oooooooooooooooooooooo

পুরানো দিল্লির তুর্কমান গেট সংলগ্ন উচ্ছেদ অভিযান চলাকালীন পাথর ছোঁড়ার ঘটনায় আরও একজন অভিযুক্তকে গ্রেপ্তার করেছে দিল্লি পুলিশ। এই ঘটনায় এখনও পর্যন্ত গ্রেপ্তারের সংখ্যা ১২ জনে পৌঁছেছে বলে দিল্লি পুলিশের এক কর্মকর্তা জানিয়েছেন। এই ঘটনার পর আগামী শুক্রবারের নামাজকে সামনে রেখে এলাকা এবং তাঁর চারপাশের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। আইনশৃঙ্খলা বজায় রাখার জন্য সংবেদনশীল এলাকায় বিপুল সংখ্যক পুলিশ এবং আধাসামরিক বাহিনীর সদস্য মোতায়েন করা হয়েছে।

oooooooooooooooooooooo

আইপ্যাকের কর্ণধারের অফিস ও বাড়িতে অভিযান এবং তদন্তে মুখ্যমন্ত্রীর বাধা দেওয়ার অভিযোগের মধ্যেই ইডি, কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে। ইডি-র আইনজীবী ধীরজ ত্রিবেদী বিচারপতি শুভ্রা ঘোষের বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করে জানান, তাদের তদন্তের কাজে বাধা সৃষ্টি করা হচ্ছে। রাজ্যের মুখ্যমন্ত্রী ইডি আধিকারিকদের তদন্তে বাধা দিচ্ছেন। পাশাপাশি পুলিশ এ ব্যাপারে সম্পূর্ণ নিষ্ক্রীয়। অবিলম্বে আদালত হস্তক্ষেপ করুক এ বিষয়ে। বিচারপতি ঘোষ মামলা দায়েরের অনুমতি দিয়েছেন বলে খবর। অন্যদিকে, আইপ্যাকের পক্ষ থেকেও পালটা আদালতের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। তাদের পক্ষ থেকে আইনজীবী সব্যসাচী ব্যানার্জি ও অয়ন ভট্টাচার্য বিচারপতি শুভ্রা ঘোষের বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করে জানিয়েছেন, তাদের সমস্ত ফাইলপত্র হাতিয়ে নেওয়ার চেষ্টা করা হচ্ছে। অবিলম্বে ইডির এই তল্লাশির উপর স্থগিতাদেশ দেওয়া হোক। দুটি আবেদনের আজ শুনানি হতে পারে বলে সূত্রের খবর।

অন্যদিকে, গতকাল ইডি-র তল্লাশির ঘটনায় রাজ্য সরকার, শেক্সপিয়র সরণী থানায় অভিযোগ দায়ের করেছে। পুলিশের তরফেও পৃথক একটি অভিযোগ দায়ের করা হয়েছে।

ইতিমধ্যে স্বরাষ্ট্রমন্ত্রক থেকে ইডি-র কাছে এই ঘটনার বিস্তারিত রিপোর্ট তলব করা হয়েছে।

oooooooooooooooooooooo

কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা আজ কলকাতার নিউটাউনে চিত্তরঞ্জন ন্যাশনাল ক্যান্সার ইনস্টিটিউট পরিদর্শনে আসেন। সেখানে এসে তিনি প্রথমে চিত্তরঞ্জনের মূর্তিতে ফুল দিয়ে শ্রদ্ধা জ্ঞাপন করেন। এরপর সমগ্র হাসপাতাল পরিদর্শন করেন এবং সেখানে হাসপাতালের কর্মী ও চিকিৎসা করাতে আসা রোগীদের সঙ্গে কথা বলেন। এরপর হাসপাতালে চিকিৎসকদের সঙ্গে বৈঠক করছেন।

এর আগে গতকাল শ্রী নাড্ডা আয়ুষ্মান ভারত প্রকল্প পশ্চিমবঙ্গে কার্যকর না হওয়ায় কঠোর সমালোচনা করেছেন।

(বাইট – নাড্ডা)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর আজ প্যারিসে ফ্রান্সের রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রোঁর সঙ্গে দেখা করেছেন। সামাজিক মাধ্যমের একটি পোস্টে শ্রী জয়শঙ্কর বর্তমান সময়ে আন্তর্জাতিক ক্ষেত্র উন্নয়ন এবং কৌশলগত অংশীদারিত্বের প্রতি ইতিবাচক মনোভাব সম্পর্কে ম্যাক্রোর দৃষ্টিভঙ্গির গভীর প্রশংসা করেছেন।

ফ্রান্সের রাষ্ট্রদূতদের সম্মেলনে বাণিজ্য, অর্থ, প্রযুক্তি, শক্তি, সম্পদ এবং সংযোগের মাধ্যমে পরিচালিত বর্তমান সময়ে আন্তর্জাতিক ক্ষেত্র পরিবর্তনের উপর জোর দেন বিদেশমন্ত্রী। পাশাপাশি তিনি বহু-মেরুত্ব এবং কৌশলগত স্বায়ত্তশাসনের প্রচারে ভারত ফ্রান্স অংশীদারিত্বের তাৎপর্য সম্পর্কেও তাঁর মতামত ব্যক্ত করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ফরাসি রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাকরুন আগামী মাসে ভারত সফর করবেন। দিল্লীতে অনুষ্ঠিত হতে চলা AI Impact Summit এ উপস্থিত থাকবেন তিনি। ফেব্রুয়ারি মাসের ১৯-২০ তারিখ এই সম্মেলন হবে। এটি হবে গ্লোবাল সাউথে অনুষ্ঠিত প্রথম বিশ্ব মানের AI সম্মেলন। গতকাল এই কৌশলগত বৈঠকে ম্যাকরুন ভারত সফরের কথা জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০

তিনজন চীনা নাগরিককে বেআইনি উপায়ে আই ফোন তৈরির কাজে জড়িত থাকার অপরাধে গ্রেপ্তার করেছে ঢাকা পুলিশ। একশোর বেশি নকল ফোন বাজেয়াপ্ত

হয়েছে। সেই সঙ্গে ফোন অ্যাসেম্বলির কাজে ব্যবহৃত বেশ কিছু যন্ত্রপাতিও পুলিশ আটক করেছে। দেড় বছর ধরে এই চক্র নকল আই ফোন তৈরির কাজ চালাচ্ছিল। আইফোনের যন্ত্রাংশ আলাদা করে আমদানি করে 'সিক্রেট ল্যাবে' আই ফোন তৈরি করতো তারা। আসলের সঙ্গে এগুলোর বিশেষ ফারাক ছিল না। গোপনে খবর পেয়ে ঢাকা পুলিশ সেখানে তল্লাশি চালায়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নির্বাসিত ইরানি যুবরাজ রেজা পাহলভি ইরান সরকারকে তীব্র সমালোচনা করেছেন। বিক্ষোভ চলাকালীন সরকার ইন্টারনেট ও যোগাযোগ ব্যবস্থা বন্ধ করে দিয়েছে বলেও তিনি অভিযোগ করেন । পাহলভি ইরানি জনগণকে সমর্থন এবং সরকারকে জবাবদিহি করতে বাধ্য করার জন্য ইউরোপীয় নেতাদের প্রতি আহ্বান জানিয়েছেন। বিক্ষোভকারীদের পাশে থাকার জন্য তিনি মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পকে ধন্যবাদ জানান।

উল্লেখ্য, অর্থনৈতিক সংকটের কারণে হাজারো মানুষ ইরানজুড়ে বিক্ষোভে অংশ নিচ্ছে। ইন্টারনেট ও টেলিফোন পরিষেবা বন্ধ করে দিয়েছে সে দেশের প্রশাসন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বঙ্গোপসাগরে সৃষ্ট গভীর নিম্নচাপ আরো শক্তি বাড়িয়ে শ্রীলঙ্কার পুর্ব উপকূলের দিকে অগ্রসর হবার সম্ভাবনার প্রেক্ষিতে সেখানে উচ্চ সতর্কতা জারি করা হয়েছে। দ্বীপরাষ্ট্রটির আবহাওয়া দপ্তর জানিয়েছে গভীর নিম্নচাপের প্রভাবে উত্তর এবং উত্তর-মধ্য প্রদেশ গুলিতে ১০০ মিলিমিটারের বেশি বৃষ্টি হতে পারে। মাতালে, ট্রিঙ্কোমালি এবং পুত্তালাম জেলায় ঝোড়ো হাওয়ার সঙ্গে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাস দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মালয়েশিয়া ওপেন ব্যাডমিন্টনে মহিলাদের সিঙ্গল্স–এ ভারতের পিভি সিন্ধু সেমিফাইনালে পৌঁছেছেন। কুয়ালালাওপুরে আজ কোয়ার্টার ফাইনালের খেলায় তিনি বিশ্বের তৃতীয় বাছাই জাপানের আকানে ইয়ামাগুচি-র বিরুদ্ধে প্রথম গেম ২১-১১-এ জিতে নেওয়ার পর ইয়ামাগুচি খেলার ১২ মিনিটের মাথায় মাঠ ছেড়ে যান। দুবারের অলিম্পিক পদকজয়ী সিন্ধু, পরবর্তী ম্যাচে ইন্দোনেশিয়ার পূর্তি কুসুমা ও চীনের ওয়াং-ঝি-ই-র মধ্যে খেলার বিজয়ীর সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করবেন।

উল্লেখ্য, ২০২১ সালে ইন্দোনেশিয়া ওপেনের পাঁচ বছর পর সিন্ধু এই প্রথম সেমিফাইনালে খেলার যোগ্যতা অর্জন করলে।

অন্যদিকে, পুরুষদের ডাবল্সে শীর্ষ ভারতীয় জুটি সাত্যিক সাইরাজ রানকি রেড্ডি ও চিরাগ শেট্টি কোয়ার্টার ফাইনালে আজ ইন্দোনেশিয়ার এম এস ফাকরি ও এফ আলফিন জুটির মোকাবিলা করবে।

oooooooooooooooooooooo

ooooooooooooooooooooooo